ডি. এম. এরশাদুলআলম, কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধিঃ

"দুনিয়ার মজদুর এক হও "এই ¯Øোগানকে সামনে রেখে গাজীপুরের কালিয়াকৈর বাস টার্মিনালে নির্বাচনের দাবিতে মানববন্ধন করছে কালিয়াকৈর সড়ক পরিবহন মালিক ও শ্রমিক ইউনিয়ন।

মঙ্গলবার সকালে, কালিয়াকৈর বাস টার্মিনালে কালিয়াকৈর সড়ক পরিবহন মালিক ও শ্রমিক ইউনিয়নের দীর্ঘ ২২ বছর যাবত নির্বাচন না হওয়ায়, নির্বাচনের দাবিতে মানববন্ধন করছে। পরিবহন মালিক ও সাধারন শ্রমিক সাজু আহমেদ (আইডিনং - ২৫২২) বলেন, নির্বাচন আমাদের গনতান্ত্রিক অধিকার। কিন্তু দীর্ঘ ২২ বছর ধরে কোন নির্বাচন অনুষ্ঠিত হয় না,সিন্ডিকেটের মাধ্যমে হাতিয়ে নিচ্ছে লক্ষ লক্ষ টাকা, আমরা মালিক ও শ্রমিকরা আশা করেছিলাম একটি প্রতিযোগিতামূলক সুষ্ঠু এবং সুন্দর ভোটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে,কিন্তু একটি চক্র দীর্ঘদিন ধরে ক্ষমতায় থেকে শাসন ও শোষণ করছে। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। আমরা চাই একটি সুষ্ঠু নির্বাচন। নির্বাচনে যে বিজয়ী হবে তাকেই আমরা মেনে নিব। মানববন্ধন চলাকালীন বক্তব্য রাখেন,কালিয়াকৈর সড়ক পরিবহন মালিক মছের আলী, আলম হোসেন, খায়রুল ইসলাম বাবু, সাধারণ শ্রমিক কামাল হোসেন, লিটন হোসেন, আদম আলী, সাধারন শ্রমিক ও ড্রাইভার দেলোয়ার হোসেন, সেলিম হোসেন। এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ ।